পশ্চিমবঙ্গ সরকার
কৃষি বিভাগ
"দুয়ারে সরকার" ৭ তম সংস্করণ

## "কৃষকবন্ধু (নতুন) প্রকল্প"

পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ ১'লা জানুয়ারী,২০১৯ "কৃষক বন্ধু" প্রকল্পের মাধ্যমে চাষ শুরুর আগে আর্থিক সাহায়তা প্রদান করে কৃষি কে আরও লাভজনক ও কৃষকের অকাল মৃত্যুতে তার পরিবারের আয় সুরক্ষিত করার উদ্যোগ নেয়।

২০২১ সালের ১৭ ই জুন "কৃষকবন্ধু (নতুন) প্রকল্প" এর (নোটিফিকেশন নাম্বার 741-AG/O/9M(Nab)-70/2021, তারিখ 17th June, 2021) মাধ্যমে কৃষকের প্রাপ্ত অর্থরাশি দ্বিগুন করা হয়েছে।

এর ফলে কৃষক ১ একর বা তার বেশী কৃষিজমি থাকলে বছরে সর্বাধিক ১০০০০/ টাকা দুটি সমান কিস্তিতে খরিফ ও রবি মরশুমে পাবেন। ১ একরের কম জমি থাকলে কৃষক আনুপাতিক হারে টাকা পাবেন যার ন্যুনতম পরিমান বছরে ৪০০০/- টাকা দুটি সমান কিস্তিতে।

"কৃষক বন্ধু" (মৃত্যুজনিত সহায়তা) প্রকল্পে ১৮ থেকে ৬০ বছর বয়সের কৃষক বা নথিভুক্ত ভাগচাষীর মৃত্যুতে তাঁর আইন সম্মত উত্তরাধিকারী (রা) এককালীন দুই লক্ষ টাকা সহায়তা পাবেন।

<u>দুয়ারে সরকার ক্যাম্পে যে পরিষেবা গুলি পাওয়া যাবে</u>

1. নতুন কৃষকের নথিভুক্তিকরণ।
2. **আধার ডেটা থাকা কৃষকদের সংশোধিত আধার তথ্য সংগ্রহ এবং আধার ডেটা নেই এমন কৃষকদের আধার তথ্য গ্রহন করা এবং পরবর্তীতে সংগৃহীত/ক্যাপচার করা ডেটার জৈব-প্রমাণিকরণ (Bio-Authentication)।**
3. **কৃষকের মোবাইল নম্বর সংগ্রহ/সংশোধন এবং উল্লিখিত মোবাইল নম্বরে প্রেরিত ওটিপি-র উপর ভিত্তি করে ব্যাঙ্ক একাউন্ট -এর সাথে নিবন্ধীকরণ যাতে কৃষকরা কৃষকবন্ধু সহায়তার সফল লেনদেনের আপডেট এবং অন্যান্য সম্পর্কিত তথ্য পেতে পারেন।**
4. বর্তমান সুবিধাভোগী কৃষকদের ব্যাঙ্ক এর তথ্যের সত্যতা যাচাইকরণ / সংশোধন এবং সেই তথ্য কৃষক বন্ধু পোর্টালে অন্তর্ভূক্তিকরণ।
5. কৃষকের তথ্য সংশোধন এবং তার জমির তথ্যের সংযোজন/বিয়োজন/ সংশোধন/ ও অন্যান্য তথ্য পরিবর্তন।
6. স্বঘোষনা পত্র দ্বারা নথিভুক্ত কৃষকদের ROR/জমির মিউটেশন সংক্রান্ত সহায়তা।
7. কৃষক বন্ধু (মৃত্যুজনিত সহায়তা) প্রকল্পের আবেদন এবং তৎসংলগ্ন সহায়তা।
8. কৃষক বন্ধু (নতুন) ও অন্যান্য প্রকল্পগুলির জন্যে নব প্রযুক্তির Whatsapp ChatBOT তথ্য পরিষেবা (**Whatsapp No.9830383383**) এর সাথে পরিচিতিকরণ।

9. মৃত সুবিধাভোগী / হদিশ পাওয়া যায়নি এমন সুবিধাভোগী / অবৈধ অ্যাকাউন্ট সংশোধন করা হয়নি এমন সুবিধাভোগী / কৃষি জমি বিক্রি হয়ে গেছে এমন সুবিধাভোগী/ নকল সুবিধাভোগী - প্রভৃতির ক্ষেত্রে সংশ্লিষ্ট তথ্য কৃষক বন্ধু পোর্টাল থেকে অপসারণ করা হবে।

<u>প্রকল্পটির অধীনে আসার যোগ্যতা :</u>

কৃষকদের নিজ নামে কৃষিযোগ্য জমির পরচা / পাট্টা / বনবিভাগের পাট্টা থাকতে হবে অথবা নিবন্ধীকৃত ভাগচাষী হতে হবে। নিজের নামে জমি নেই কিন্তু প্রকৃত জমির মালিকের উত্তরাধিকারিরাও এই প্রকল্পের সুযোগ পেতে পারেন। নিজের নামে জমি না থাকলে দলিল/দানপত্র/দেবোত্তর/অন্যান্য নথি, স্বঘোষনাপত্র আর তার সাথে পঞ্চায়েত প্রধানের ওয়ারিশান সার্টিফিকেট লাগবে। যে ব্লকে কৃষকের ভোটার কার্ড আছে সেই ব্লকে তিনি আবেদন করবেন অন্য ব্লক বা জেলায় তাঁর কোন জমি থাকলে ওই একই আবেদনে তা বিবেচিত হবে।

<u>দুয়ারে সরকার ক্যাম্প-এ নথিভুক্তিকরণের বিস্তারিত পদ্ধতি:</u>

1. নির্ধারিত মর্মে /ফরম্যাটে আবেদনপত্র ডিএস ক্যাম্পে উপলব্ধ করা হবে

2. কৃষক দরখাস্ত পূরণ করে ও তার সাথে নিম্নলিখিত প্রয়োজনীয় নথির ফটো কপি সংযুক্ত করে জমা দেবেন ও মূল নথিগুলি যাচাই করার জন্য পেশ করবেন।

- জমির পরচা, পাট্টা, বর্গানথি, বনবিভাগের পাট্টা।
- আধারকার্ড (বাধ্যতামুলক)
- ভোটারকার্ড (বাধ্যতামুলক)
- **বৈধ ব্যাঙ্ক অ্যাকাউন্ট** -এর পাসবই এর প্রথম পাতার প্রতিলিপি অথবা বাতিল চেক (ব্যাঙ্ক অ্যাকাউন্ট টি রাষ্ট্রায়ত্ত্ব বানিজ্যিক ব্যাঙ্ক / রাজ্য সমবায় ব্যাঙ্ক/ জেলা সমবায় ব্যাঙ্ক/ গ্রামীণ ব্যাঙ্ক এর হতে হবে। জন- ধন অ্যাকাউন্ট চলবে না।আধার সুংযুক্ত সক্রিয় ব্যাঙ্ক অ্যাকাউন্ট হতে হবে।)
- ব্যাঙ্ক অ্যাকাউন্ট এবং **আধার -এর সাথে** সংযুক্ত মোবাইল নম্বর (বাধ্যতামুলক)

3. ব্লকের সহ কৃষি অধিকর্তার নির্দিষ্ট কর্মী স্মার্ট ফোন , কম্পিউটার, স্ক্যানার, প্রিন্টার, ইত্যাদি সহ দুয়ারে সরকারের "কৃষক বন্ধু" কাউন্টার/ টেবিল এ কৃষকদের সহযোগিতা করার জন্য উপস্থিত থাকবেন।

4. দুয়ারে সরকার ক্যাম্প রেজিস্ট্রেশন কৃষি কাউন্টারে করতে হবে যদি দর্শনার্থীর কাছে দুয়ারে সরকারের URN (অনন্য নিবন্ধন নম্বর) না থাকে, যে URN তৈরি করা হবে সেটি "এনরোলমেন্ট নম্বর" লেখার জায়গায় প্রবেশ করতে হবে। আবেদনপত্রে

5. অসম্পূর্ণ আবেদনের ক্ষেত্রে, একটি চেকলিস্ট (সংযোজন-IIA) অসম্পূর্ণতার কারণ উল্লেখ করে এবং সেই অনুযায়ী তা সংশোধনের জন্য আবেদনকারীকে দেওয়া হবে।

6. কৃষক বন্ধু সাপোর্ট স্টাফ , কৃষক বন্ধু(নতুন)আবেদন পত্রের "আবেদন পত্র নাম্বার " অংশটিতে দুয়ারে সরকারের রেজিস্ট্রেশান নম্বর (যদি থাকে) লিখবেন, কৃষকের ছবি তুলে অ্যাপের মাধ্যমে কৃষকের তথ্যাবলি এন্টার করবেন ও কৃষক বন্ধু পোর্টালে আপলোড করবেন এবং দরখাস্তের প্রাপ্তিস্বীকার অংশটি আবেদনকারীকে Acknowledgement ID লিখে ফেরত দেবেন।

7. যে সব আবেদনকারী Notification No. 1324 AG/O/9M(Nab)22/2019 dated 24/12/20 অনুসারে, ওয়ারিশান সার্টিফিকেটসহ স্বঘোষনাপত্র দ্বারা আবেদন করবেন, তাদের দরখাস্ত দুয়ারে সরকার ক্যাম্পে ভুমি ও ভুমি সংস্কার দপ্তরের কাউন্টারে বা তাঁর দপ্তরে সত্যতা যাচাই এর জন্য প্রেরন করা হবে।ভুমি ও ভুমি সংস্কার আধিকারিক সত্যতা যাচাই করে অনুমোদন করলে সেই আবেদনকারীর তথ্য পোর্টালে আপলোড করা হবে। KB কাউন্টার কর্মীরা ভূমি ও ভূমি সংস্কার কাউন্টারে তাদের এসওপি (SOP) অনুযায়ী কৃষি জমির মিউটেশনের জন্য আনুষ্ঠানিক আবেদনের সুবিধা দেবে ।

8. যদি নতুন আবেদনকারী একজন বিদ্যমান KB সুবিধাভোগীর কাছ থেকে চাষযোগ্য জমি অধিগ্রহণ করে থাকেন, তাহলে KB পোর্টালে তার নামে নিবন্ধিত চাষযোগ্য জমির এলাকা সহ উল্লিখিত বিদ্যমান সুবিধাভোগীর জমির বিবরণের প্রয়োজনীয় সংশোধন, স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট ADA করবেন। এই ধরনের ক্ষেত্রে অধিগৃহীত জমির পূর্বতন মালিক -এর কৃষিজমির বিবরণ এবং অন্যান্য বিবরণ জমা দিতে হবে। সমস্ত নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে নতুন আবেদনকারীকে একটি ঘোষণাপত্র - " যে অধিগৃহীত জমির পূর্বতন মালিক একজন KB সুবিধাভোগী/ একজন KB সুবিধাভোগী নয়" এই মর্মে নির্দিষ্ট Annexure - B অনুযায়ী জমা দিতে হবে।

9. বিদ্যমান KB সুবিধাভোগীদের একটি আনুষ্ঠানিক যোগাযোগের মাধ্যমে জমির বিবরণ সহ তাদের বিবরণে যে কোনো পরিবর্তন সম্পর্কে যথাযথভাবে অবহিত করতে হবে ।

**10. ক্যাম্পে প্রাপ্ত সমস্ত বৈধ আবেদনের জন্য স্বীকৃতি আইডি তৈরি করা হবে এবং ব্লকের ADA দ্বারা অনুমোদিত হবে। সেই কেসগুলি তারপর পোর্টালে আপলোড করা হবে এবং KB পোর্টাল সিস্টেমে প্রয়োজনীয় চেকিং এর পর তা জেলার DDA(Admn) এর মাধ্যমে SNO-র এন্ডে পাওয়া যাবে। SNO তারপর ব্যাঙ্ক অ্যাকাউন্টের বৈধতা যাচাই প্রক্রিয়ার জন্য ব্যাঙ্কে (WBSCB) পাঠাবেন। ব্যাঙ্ক অ্যাকাউন্টের বৈধতা যাচাই সফল হলে প্রত্যেক নতুন নথিভুক্ত কৃষকের জন্য KB আইডি তৈরি করা হবে। KB আইডি নম্বর নির্দেশ করে একটি সিস্টেম জেনারেট করা এসএমএস স্বয়ংক্রিয়ভাবে কৃষকের নিবন্ধিত মোবাইল নম্বরে যাবে এবং তার নথিভুক্তি নিশ্চিত করবে।**

11. জৈব প্রমাণীকরণের (Bio-Authentication) জন্য প্রয়োজনীয় সম্পূর্ণ আধার তথ্য, আধার নিবন্ধীকৃত মোবাইল তথ্য, আধার নিবন্ধীকৃত ব্যাঙ্কের খাতা-র তথ্য এবং সরকারকে আধার তথ্য ব্যবহার করার অনুমতি দেওয়ার জন্য সুবিধাভোগীদের সম্মতি গ্রহণ করা হবে। এ ব্যাপারে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হবে :

- ব্লকগুলি পোর্টাল থেকে আধার ছাড়া সুবিধাভোগীদের তালিকা এবং জৈব -প্রমাণিত তথ্য নেই যাদের সেই সুবিধাভোগীদের তালিকা ডাউনলোড করবে এবং (এসএমএস/সরাসরি

যোগাযোগ) করে তাদের ডিএস ক্যাম্পে যাওয়ার জন্য জানাবে। কাজের ভালো ব্যবস্থাপনার জন্য ক্যাম্প ভিত্তিক সুবিধাভোগী -র তালিকা আগে থেকেই করা যেতে পারে।

- সুবিধাভোগীরা স্ব-স্বাক্ষরিত আধার কার্ডের একটি অনুলিপি সহ একটি পূরণকৃত ফর্ম্যাট (সংযোজন-A) জমা দেবেন। ফর্ম্যাটে আধার তথ্য ব্যবহার সম্পর্কে সুবিধাভোগীর সম্মতিও থাকবে।
- উপরোক্ত বিন্যাসটি সুবিধাভোগীদের সম্মতি গ্রহণ করার জন্যও ব্যবহার করা যেতে পারে যাদের আধার তথ্য আগে সম্মতি ছাড়াই পোর্টালে ক্যাপচার করা হয়েছে।
- KB সহায়তা কর্মীরা তাদের লগ ইনের মাধ্যমে সুবিধাভোগীদের দ্বারা জমা দেওয়া তথ্য প্রবেশ করাবেন এবং পরবর্তী প্রতিবেদনের জন্য রেকর্ড রাখবেন।
- ADA ব্লক KB ডেটাতে করা প্রতিটি পরিবর্তন অনুমোদন করবেন । ডেটা এন্ট্রির সঠিকতা নিশ্চিত করা হবে কারণ এই তথ্য পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে যাচাই করা হবে।

12. ব্যাঙ্ক একাউন্ট, মোবাইল নম্বর এবং সুবিধাভোগীদের জমির বিবরণ ইত্যাদি সম্পর্কিত তথ্য এবং কৃষক বন্ধু প্রকল্পে প্রাপ্য আর্থিক সহায়তা-র প্রাপ্তি সম্পর্কিত তথ্য পেতে নথিভুক্ত কৃষকদের সাহায্য করার জন্য একটি নব প্রযুক্তির Whatsapp Chatbot তথ্য পরিষেবা (Whatsapp No.9830383383) চালু করা হয়েছে৷ বাংলা শস্য বীমা যোজনা (বিএসবিওয়াই), বাংলা কৃষি সেচ যোজনা (বিকেএসওয়াই) প্রভৃতির আবেদন এবং কৃষি বিভাগের অন্যান্য পরিষেবার তথ্যও এতে পাওয়া যাবে ।

13. ব্লকগুলি নিম্নলিখিত ধরণের সুবিধাভোগীদের রেকর্ড মুছে দিয়ে KB ডাটাবেসকে ত্রুটিমুক্ত করার উদ্যোগ নেবে :

ক) মৃত সুবিধাভোগী
খ) হদিশ পাওয়া যায়নি এমন সুবিধাভোগী
গ ) অবৈধ অ্যাকাউন্ট সংশোধন করা হয়নি এমন সুবিধাভোগী
ঘ) কৃষি জমি বিক্রি হয়ে গেছে এমন সুবিধাভোগী
ঙ) নকল সুবিধাভোগী

এই ধরনের সমস্ত ক্ষেত্রে অফিস রেকর্ডের জন্য যথাযথ নথিগুলি বজায় রাখতে হবে এবং পোর্টাল থেকে সংশ্লিষ্ট তথ্য মুছে ফেলার জন্য উপযুক্ত কারণ দিতে হবে।

প্রায়শ জিজ্ঞাস্য প্রশ্ন:

1. দরখাস্তের সাথে কি কি নথি যুক্ত করতে হবে ?

উত্তর : ভোটার কার্ড, আধার কার্ড, পরচা/স্বঘোষনাপত্র সহ জমির নথি এবং ওয়ারিশান সার্টিফিকেট, ব্যাঙ্ক পাসবুকের প্রথম পাতা / বাতিল চেক (যাচাই এর জন্য মূল নথি সঙ্গে আনতে হবে) এর একটি করে প্রতিলিপি এবং ব্যাঙ্ক অ্যাকাউন্ট এর সাথে যুক্ত মোবাইল নম্বর। ব্যাঙ্ক অ্যাকাউন্ট টি রাষ্ট্রায়ত্ত্ব বানিজ্যিক ব্যাঙ্ক / রাজ্য সমবায় ব্যাঙ্ক / জেলা সমবায় ব্যাঙ্ক/গ্রামীণ ব্যাঙ্ক এর হতে হবে। জন- ধন অ্যাকাউন্ট চলবে না।আধার সুংযুক্ত সক্রিয় ব্যাঙ্ক অ্যাকাউন্ট হতে হবে।

2. আবেদন করার পদ্ধতি কি?

উত্তর : আবেদনকারী কৃষক বাংলা ভাষায় দরখাস্ত (ইংরাজি/নেপালি পার্বত্য এলাকার জন্য ) ও স্বঘোষনাপত্র(যদি প্রয়োজন হয়) পূরণ করে দুয়ারে সরকার ক্যাম্পের কৃষক বন্ধু কাউন্টারে জমা দেবেন।

3. দরখাস্তকারী কি প্রাপ্তি স্বীকারের রসিদ পাবেন ?

উত্তর : হ্যাঁ, তাঁরা প্রাপ্তি স্বীকারের রসিদ পাবেন। কৃষক বন্ধু সাপোর্ট স্টাফ দরখাস্তের প্রাপ্তিস্বীকার অংশ টি আবেদনকারীকে Acknowledgement ID লিখে ফেরত দেবেন , যা ভবিষ্যতে প্রয়োজন হবে।

4. কৃষক কত টাকা সহায়তা পাবেন ?

উত্তর : কৃষক ১ একর বা তার বেশী চাষযোগ্য জমি থাকলে বছরে সর্বাধিক ১০০০০/ টাকা দুটি সমান কিস্তিতে খরিফ ও রবি মরশুমে পাবেন। ১ একরের কম জমি থাকলে কৃষক আনুপাতিক হারে টাকা পাবেন যার ন্যুনতম পরিমান বছরে ৪০০০/- টাকা দুটি সমান কিস্তিতে।

5. কি রূপে টাকা পাবেন ?

উত্তর : উপভোক্তাদের ব্যাঙ্ক একাউন্টে সরাসরি টাকা ঢুকে যাবে (DBT)।

6. কীভাবে একজন কৃষক তার কাছে অর্থ প্রদানের তথ্য পাবেন ?

উত্তর : প্রদেয় অর্থের তথ্য নিবন্ধিত মোবাইল নম্বরে (যদি প্রদান করা হয়ে থাকে) SMS এর মাধ্যমে প্রদান করা হয়, এবং KB পোর্টালে যোগ করা হয়। এছাড়াও, কৃষকরা তার KB ID /আধার নম্বর/মোবাইল নম্বর/এপিক ব্যবহার করে হোয়াটসঅ্যাপ চ্যাটবট (Whatsapp Chatbot) তথ্য পরিষেবা (Whatsapp নং.9830383383) এর মাধ্যমে প্রদেয় আর্থিক সহায়তার তথ্য (অর্থ, অর্থপ্রদানের তারিখ, অর্থপ্রদানের মরশুম ইত্যাদি) পেতে পারেন। কৃষকবন্ধু পোর্টাল থেকেও এটি পাওয়া যেতে পারে।

7. প্রদেয় অর্থ না পাওয়ার ক্ষেত্রে একজন কৃষকের কী করা উচিত ?

উত্তর : অর্থপ্রদানের লেনদেন ব্যর্থ হলে বা অবৈধ অ্যাকাউন্টের ক্ষেত্রে কৃষকরা সহায়তার জন্য ADA ব্লক-এর সাথে যোগাযোগ করতে পারেন।

পশ্চিমবঙ্গ সরকার
কৃষি বিভাগ

# "কৃষক বন্ধু" (নতুন) প্রকল্পে নাম নথিভুক্তকরণের আবেদন পত্র

আবেদন পত্র নম্বর (অফিস ব্যবহারের জন্য)

স্ট্যাম্প সাইজ ফটো (২সেমি X ২.৫ সেমি)

## ক. ব্যাক্তিগত তথ্য:

নাম (বড় হাতের ইংরাজিতে)______________________

নাম (পরচা অনুযায়ী বাংলায়)______________________

**বাসস্থানের ঠিকানা:**

গ্রাম______________________ গ্রাম পঞ্চায়েত______________________

পোস্ট অফিস______________________ ব্লক______________________ থানা______________________

জেলা______________________ পিন ☐ ☐ ☐ ☐ ☐ ☐

পিতা/ স্বামীর নাম______________________

জন্ম তারিখ ☐☐ / ☐☐ / ☐☐☐☐ বয়স (১/১/২০২৬ তারিখে) : ☐☐ লিঙ্গ: ☐ পুরুষ ☐ মহিলা ☐ অন্যান্য

শ্রেণী: ☐ সাধারণ ☐ তপশীলি জাতি ☐ তপশীলি উপজাতি ☐ অনগ্রসর শ্রেণী

কৃষকের ধরণ: ☐ মালিক ☐ বর্গাদার ☐ পাট্টাদার

মোবাইল নম্বর ☐☐☐☐☐☐☐☐☐☐
(ব্যাঙ্ক অ্যাকাউন্ট ও আধার কার্ডের সাথে যুক্ত মোবাইল নম্বর)

বিকল্প মোবাইল নম্বর ☐☐☐☐☐☐☐☐☐☐

আধার কার্ড নম্বর (আবশ্যিক)______________________

ভোটার কার্ড (EPIC) নম্বর (আবশ্যিক)______________________

## খ. কৃষিজমির তথ্য:

| ক্রমিক নং | জেলা | ব্লক | মৌজা | জে. এল. নং | খতিয়ান নং | চাষযোগ্য জমির পরিমান (একরে) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| মোট চাষযোগ্য জমির পরিমান (একরে) | | | | | | |

## গ. ব্যাঙ্কের তথ্য:

ব্যাঙ্ক অ্যাকাউন্ট অনুযায়ী নাম______________________

অ্যাকাউন্ট নম্বর______________________ IFSC______________________

ব্যাঙ্কের নাম______________________ ব্রাঞ্চের নাম______________________

অ্যাকাউন্টের ধরণ: ☐ সেভিংস ☐ কারেন্ট

ব্যাঙ্কের সংযুক্ত নথি ☐ ব্যাঙ্ক পাসবই (ফটোসহ)/বাতিল চেক

## ঘ. Nominee/ মনোনীত ব্যাক্তির তথ্য:

নমিনির নাম______________________

আবেদনকারীর সাথে সম্পর্ক______________________ নমিনির পিতা / স্বামীর নাম______________________

জন্ম তারিখ ☐☐ / ☐☐ / ☐☐☐☐ বয়স: ☐☐ নমিনির অভিভাবকের নাম______________________
(নমিনির বয়স ১৮ বৎসরের নীচে হলে)

*আমি এতদ্বারা অঙ্গীকার করছি যে আমি অন্য কোনো জায়গায় "কৃষক বন্ধু" (নতুন) প্রকল্পে নথিভুক্তিকরনের জন্য আবেদন করিনি।*

***উপরোক্ত কৃষি জমি আমি..........................................................-র থেকে***

***উত্তরাধিকার / ক্রয় / উপহার / দান / অন্যান্য.......................................... (বিশদে বিবরণ) সূত্রে পেয়েছি।***

***তার বিবরন (যদি থাকে) KB ID..............................ভোটার কার্ড নং.............................. আধার কার্ড নং..............................***

*উপরোক্ত সমস্ত বিবরণ ও তথ্য আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।*

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর/ টিপসই

- - - - - - - - - - ✂ - - - - - - - - - - ✂ - - - - - - - - - -

## প্রাপ্তি স্বীকার

পশ্চিমবঙ্গ সরকার, কৃষি বিভাগ
**"কৃষক বন্ধু" (নতুন) প্রকল্পে নাম নথিভুক্তকরণের আবেদন পত্র**

আবেদন পত্র নম্বর (অফিস ব্যবহারের জন্য)

আবেদনকারীর নাম______________________
স্বীকৃতি আইডি নম্বর______________________
তারিখ:

আবেদনপত্র গ্রহণকারীর স্বাক্ষর

Annexure - IA

কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে আবেদন করার জন্য স্বঘোষনাপত্র

আমি_______________________________________________ ( বড় হাতের ইংরাজি হরফে )

পিতা/স্বামী_____________________________________

গ্রাম ______________________________ গ্রাম পঞ্চায়েত/ পৌর এলাকা _________

ব্লক ______________________________ থানা ____________________________________ জেলা

এতদ্বারা ঘোষনা করছি যে, আমি মালিক/ নথিভুক্ত রায়তির ওয়ারিশন / নথিভুক্ত বার্গাদারের (ভাগচাষী) ওয়ারিশন হিসাবে ___________ একর চাষযোগ্য জমি চাষ করি (যেটি প্রযোজ্য সেটিতে টিক চিহ্ন দিন), যার বিবরণ নিচে দেওয়া হল :

| ক্রমিক সংখ্যা. | ব্লক | মৌজা | জে. এল. নম্বর | খতিয়ান নম্বর | দাগ নম্বর | চাষযোগ্য জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

আমি পূর্বে কৃষক বন্ধু (নতুন) প্রকল্পে নথিভুক্ত হয়েছি / হইনি এবং এতদ্বারা উল্লেখিত তথ্য অনুযায়ী কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে সহায়তা পাওয়ার জন্য আবেদন করছি। আমার KB ID_____________________ (যদি নথিভুক্ত সুবিধাভোগী হয় )

আমার উল্লেখিত দাবীর সমর্থনে নিম্নলিখিত নথি (গুলি) জমা দিচ্ছি (যেটি/ যেগুলি প্রযোজ্য সেখানে টিক চিহ্ন দিন)

☐ পরচায় নথিভুক্ত ব্যক্তির নাম _______________(নাম এবং রায়তির সাথে সম্পর্ক) ______________________

☐ বর্গা রেকর্ডে নথিভুক্ত ব্যক্তির নাম _________________________ (বর্গাদার) খতিয়ান নং ______________

☐ নিবন্ধীকৃত দলিল নং ______________________________ ( নিবন্ধীকৃত দলিলের প্রতিলিপি সহ - চেন ডিড)

☐ মিউটেশন সার্টিফিকেট

☐ মিউটেশন সার্টিফিকেটের জন্য আবেদনপত্রের রসিদ

☐ কৃষিজমির পাট্টা

☐ বনবিভাগের পাট্টা (কৃষিকাজের জন্য)

☐ অন্যান্য নথি ____________________________________(বিবরণসহ)

আমি এতদ্বারা ঘোষনা করছি যে:

উপরে উল্লেখিত তথ্যসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। যদি কোন সময় কোন তথ্যের অমিল পাওয়া যায় তাহলে সংশ্লিষ্ট কতৃপক্ষ আমাকে না জানিয়েই নিজে থেকেই কৃষকবন্ধু (নতুন) প্রকল্পের সহায়তা বাতিল করে দিতে পারবেন, সেক্ষেত্রে আমি যদি কোন সহায়তা পেয়ে থাকি সেই পরিমাণ অর্থ ফেরত দিতে বাধ্য থাকব। যদি সেই অর্থ ফেরত না দিতে পারি সেক্ষেত্রে বেঙ্গল পি . ডি. আর. আইন, ১৯১৩ অনুযায়ী / অথবা বিবেচনা মত যে আইন প্রযোজ্য হবে সেই মোতাবেক সংশ্লিষ্ট কতৃপক্ষ আমার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারবেন।

স্থান: ________________

তারিখ : ________________ আবেদনকারীর স্বাক্ষর

______________________________

চালু মোবাইল নং

______________________________

*Annexure – II B*

# পশ্চিমবঙ্গ সরকার

## কৃষি বিভাগ

### চেকলিস্ট

DS URN No. (Enrolment No.) ____________________________________________

আপনি কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে নথিভুক্ত হওয়ার জন্য /তথ্য সংশোধনের জন্য /কৃষকবন্ধু (মৃত্যুজনিত সহায়তা ) প্রকল্পে সহায়তা পাওয়ার জন্য দুয়ারে সরকার শিবিরে যে আবেদনপত্র ও নথির প্রতিলিপিগুলি জমা দিয়েছেন সেই আবেদনপত্রের সাথে সংযুক্ত নথি হিসাবে নিম্নলিখিত নথি (গুলি) জমা দেন নি।

উল্লিখিত টিকযুক্ত নথি (গুলি) "দুয়ারে সরকার" শিবিরে অতি সত্বর জমা দিন।

**কৃষকবন্ধু (নতুন) প্রকল্পের জন্য:-**

- ☐ ভোটার কার্ড
- ☐ আধার কার্ড
- ☐ ব্যাঙ্ক পাসবুকের প্রথম পাতা / বাতিল চেক
- ☐ ব্যাঙ্ক একাউন্ট -এর সাথে সংযুক্ত মোবাইল ফোন নম্বর
- ☐ চাষযোগ্য জমির নথি হিসাবে সাম্প্রতিক পরচা /বর্গা নিবন্ধীকরণের নথি / পাট্টা বা বনবিভাগের পাট্টার নথি
- ☐ নিজের নামে জমি না থাকলে স্বঘোষণাপত্র এবং চাষযোগ্য জমির নথি
- ☐ পঞ্চায়েত প্রধানের দেওয়া ওয়ারিশন সার্টিফিকেট

**কৃষকবন্ধু (মৃত্যুজনিত সহায়তা ) প্রকল্পের জন্য :-**

- ☐ মৃত্যুর শংসাপত্র
- ☐ মৃত কৃষক /নথিভুক্ত ভাগচাষীর সচিত্র পরিচয়পত্রের প্রত্যয়িত প্রতিলিপি (ভোটার কার্ড/আধার কার্ড )
- ☐ যোগ্য দাবিদার (গণ) এর শংসাপত্র
- ☐ মৃত কৃষকের নামে জমির নথি
- ☐ ________________________________________(অন্যান্য নথি )

(যেটি /যেগুলি প্রযোজ্য সেটি'তে/সেগুলিতে টিক দিন)

Date ____________________

Camp Location __________________

আবেদনপত্র গ্রহণকারীর স্বাক্ষর

সংযোজনী - ক

(আধার তথ্য , আধার নিবন্ধীকৃত মোবাইল নম্বর এবং আধার সম্পর্কিত তথ্য ব্যবহার করার জন্যে সরকার কে সম্মতি প্রদান )

আমি ______________________________ (সুবিধাভোগীর নাম)
______________________________-র পুত্র /কন্যা / স্ত্রী ,
নিবাস ______________ (গ্রাম /মৌজা ), ______________
(গ্রাম পঞ্চায়েত ), ______________ (ব্লক), ______________ (জেলা)
এতদ্বারা ঘোষনা করছি যে আধার আইন , ২০১৬ এবং সেই সংক্রান্ত নিয়মাবলী অনুযায়ী আমি স্বেচ্ছায় আমার আধার তথ্য কৃষক বন্ধু (নতুন) সংক্রান্ত বিষয়ে ব্যবহার-এর জন্যে সম্মতি প্রদান করছি এবং জৈব-প্রমাণিকরণ -এর জন্যে স্বেচ্ছায় সম্মতি প্রদান করছি।

আধার নম্বর

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

আধার নিবন্ধীকৃত মোবাইল নম্বর

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|

(স্ব -প্রত্যয়িত আধার -এর প্রতিলিপি সংযুক্ত করতে হবে )

আবেদনকারীর স্বাক্ষর

সংযোজনী - খ

(KB(N) প্রকল্পে নতুন নথিভুক্তিকরণ -এর ক্ষেত্রে প্রদেয় ঘোষণাপত্র)

আমি ______________________________ (সুবিধাভোগীর নাম)
______________________________-র পুত্র /কন্যা / স্ত্রী ,
নিবাস ______________ (গ্রাম /মৌজা ), ______________
(গ্রাম পঞ্চায়েত ), ______________ (ব্লক), ______________ (জেলা)
এতদ্বারা ঘোষনা করছি যে আমি নিম্নলখিত তালিকাভূক্ত জমি
______________ -এর (জমির পূর্বতন মালিক এর নাম ) থেকে
অধিগ্রহণ করেছি , যার ভোটার পরিচয়পত্রের নম্বর ______________ এবং যিনি
বর্তমান KB সুবিধাভোগী যার KB ID ______________ / যিনি KB সুবিধাভোগী নন।
(সঠিক টি নির্বাচন করুন )

জমির তালিকা :

খতিয়ান নম্বর :

মৌজা নম্বর (JL No.) :

জমির বিবরণী

| ক্রমিক নং | দাগ / প্লট নং | জমির পরিমান (একরে ) |
|---|---|---|
| | | |
| | | |

উপরে উল্লেখিত তথ্যসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। যদি কোন সময় কোন তথ্যের অমিল পাওয়া যায় তাহলে সংশ্লিষ্ট কতৃপক্ষ আমাকে না জানিয়েই নিজে থেকেই কৃষকবন্ধু (নতুন) প্রকল্পের সহায়তা বাতিল করে দিতে পারবেন, সেক্ষেত্রে আমি যদি কোন সহায়তা পেয়ে থাকি সেই পরিমাণ অর্থ ফেরত দিতে বাধ্য থাকব। যদি সেই অর্থ ফেরত না দিতে পারি সেক্ষেত্রে বেঙ্গল পি. ডি. আর. আইন, ১৯১৩ অনুযায়ী / অথবা বিবেচনা মত যে আইন প্রযোজ্য হবে সেই মোতাবেক সংশ্লিষ্ট কতৃপক্ষ আমার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারবেন।

(স্ব-প্রত্যয়িত জমির প্রতিলিপি সংযুক্ত করতে হবে )

আবেদনকারীর স্বাক্ষর

(এক-র বেশি খতিয়ান/এক-র বেশি পূর্বতন জমির মালিক -এর ক্ষেত্রে আলাদা ঘোষণাপত্র ব্যবহার করতে হবে )